গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
বাংলাদেশ ট্যুরিজম বোর্ড
(জাতীয় পর্যটন সংস্থা)
www.tourismboard.gov.bd




স্মারক নং : ৩০.৩৩.০০০০.১১২.৩১.০০১.২৩.৭০০

তারিখ : ০৮ অগ্রহায়ণ ১৪৩৩ / ২৩ নভেম্বর ২০২৬

**বিষয়:** বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের (বিটিবি) কর্তৃক আগামী ১২ ডিসেম্বর ২০২৬ তারিখ ০৩ (তিন) ক্যাটাগরির ১০টি শূন্যপদে জনবল নিয়োগের লক্ষ্যে প্রার্থীদের লিখিত পরীক্ষার তারিখ, সময় ও নির্দেশাবলি।

সূত্র: বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের ৩০.৩৩.০০০০.০০০.১১২.৩১.০০০১.২৩.১৫৫, তারিখ: ৩০ মার্চ ২০২৬ নং নিয়োগ বিজ্ঞপ্তি।

উপর্যুক্ত বিষয়ে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের (বিটিবি) ১৩তম, ১৬তম ও ২০তম গ্রেডের ১০টি শূন্যপদে জনবল নিয়োগের লক্ষ্যে লিখিত পরীক্ষা নিম্নরূপে অনুষ্ঠিত হবে:

| ক্রমিক নং | পদের নাম | পরীক্ষা গ্রহণের তারিখ | পরীক্ষা গ্রহণের সময় | কেন্দ্র |
|---|---|---|---|---|
| ০১ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ১২ ডিসেম্বর ২০২৬ | সকাল ১০.০০ থেকে ১১.৩০ মিনিট | আগারগাঁও তালতলা সরকারী কলোনি উচ্চ বিদ্যালয় ও কলেজ |
| ০২ | অফিস সহায়ক | | বেলা ০২.৩০টা থেকে ০৪.০০টা | |
| ০৩ | সাঁটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর | | বেলা ০২.৩০টা থেকে ০৪.০০টা | |

১. প্রার্থীদের প্রবেশপত্র টেলিটক বাংলাদেশ লিঃ এর ওয়েবসাইট http://btb.teletalk.com.bd থেকে ডাউনলোড করে সংগ্রহ করা যাবে।

২. **প্রবেশপত্র ব্যতীত কোনো প্রার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।**

৩. পরীক্ষার নির্ধারিত সময়ের কমপক্ষে ৩০ মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হবার ১৫ মিনিট পর কোনো প্রার্থীকে কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হবার পর কোনো প্রার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না।

৪. প্রার্থীদেরকে বিশেষভাবে সতর্ক করা যাচ্ছে যে, উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে না লিখলে এবং কোনোরূপ কাটাকাটি করলে, উত্তরপত্রে ফ্লুইড লাগালে তার প্রার্থিতা বাতিল হবে।

৫. হাজিরা তালিকায় প্রত্যেক প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর ও নামের পাশে তার ছবি এবং প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে, মিল না থাকলে উক্ত প্রার্থীকে বহিষ্কার করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬. ভুয়া প্রার্থীদের বিরুদ্ধে বিশেষ তল্লাশি অভিযান পরিচালনার ব্যবস্থা করা হবে। পরীক্ষা কেন্দ্রে বই-পুস্তক, ব্যাগ, ভ্যানিটি ব্যাগ, মানি ব্যাগ, যেকোন ধরনের হাতঘড়ি, মোবাইল ফোন, যে কোন ধরনের অলংকার, সানগ্লাস জাতীয় চশমা, ব্যাংক কার্ড বা কার্ড সদৃশ যে কোন বস্তু, কোনোরূপ ইলেকট্রনিক ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ। নিষিদ্ধ ঘোষিত সামগ্রী পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করে প্রার্থিতা বাতিল করা হবে এবং উক্ত প্রার্থীকে বহিষ্কার করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭. পরীক্ষার সময় প্রার্থীরা কানের উপর কোনো আবরণ রাখতে পারবেন না, কান খোলা রাখতে হবে।

৮. সায়েন্টিফিক ক্যালকুলেটর, প্রোগ্রামেবল ক্যালকুলেটর বা এ জাতীয় কোনো যন্ত্র ব্যবহার করা যাবে না। তবে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে।

৯. সাঁটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর ও অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে নিয়োগের লক্ষ্যে প্রার্থীদের বাংলা-২০, ইংরেজি-২০, গণিত- ১৫, সাধারণ জ্ঞান- ১৫ নম্বরসহ সর্বমোট ৭০ নম্বরের ১ ঘণ্টা ৩০ মিনিট সময়ের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১০. অফিস সহায়ক পদে নিয়োগের লক্ষ্যে প্রার্থীদের বাংলা-২০, ইংরেজি-২০, গণিত- ২০, সাধারণ জ্ঞান- ১০ নম্বরসহ সর্বমোট ৭০ নম্বরের ১ ঘণ্টা সময়ের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১১. প্রার্থীদের একই সাথে ০৪ টি বিষয়ের জন্য ০১ টি উত্তরপত্র প্রদান করা হবে।

১২. কোনো প্রার্থীর ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তের গুরুতর ঘাটতি (substantive) পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

১৩. বিজ্ঞপ্তিটি বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের ওয়েবসাইট www.tourismboard.gov.bd এ পাওয়া যাবে।

- ❖ **পড়াশোনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।**
- ❖ **চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীদের অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।**

২৩/১১/২৬

**কানিজ ফাতেমা তানিয়া**
পরিচালক (প্রশাসন ও অর্থ), (যুগ্মসচিব)
বাংলাদেশ ট্যুরিজম বোর্ড
ফোনঃ +৮৮ ০২ ৪১০২ ৪২৩৪

**অনুলিপি:**

১। উপপরিচালক (প্রশাসন ও সমন্বয়), বাংলাদেশ ট্যুরিজম বোর্ড, ঢাকা।
২। প্রধান নির্বাহী কর্মকর্তার একান্ত সচিব (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ ট্যুরিজম বোর্ড, ঢাকা।
৩। সহকারী পরিচালক (প্রশাসন), বাংলাদেশ ট্যুরিজম বোর্ড, ঢাকা।